



স্মারক: নোবিপ্রবি/প্রাণী/এম.এসসি ভর্তি বিজ্ঞপ্তি/২০২৪

তারিখ: ২৩ ডিসেম্বর ২০২৪  
০৮ পৌষ ১৪৩১

**প্রাণিবিদ্যা বিভাগের স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তির বিজ্ঞপ্তি**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (M.Sc. in Zoology) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদেরকে বিভাগীয় অফিস চলাকালীন সময়ে আগামী ২৩.১২.২০২৪ তারিখ থেকে ২৩.০১.২০২৫ এর মধ্যে আবেদন ফরম সরাসরি প্রাণিবিদ্যা বিভাগ অথবা নোবিপ্রবি ওয়েবসাইট ([www.nstu.edu.bd](http://www.nstu.edu.bd)) থেকে সংগ্রহ করতে পারবে। আবেদন ফরম এর মূল্য ১০০০/- (এক হাজার) টাকা (অফেরত যোগ্য)। আবেদনকারীকে নোবিপ্রবি প্রাণিবিদ্যা বিভাগ হিসাব নম্বর ০২০০০১৩৩৬৭৯২০, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার বিপরীতে ১০০০/- টাকা অনলাইনে জমা প্রদানপূর্বক মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে বিভাগীয় অফিসে জমা দিতে হবে। আগামী ২৬ জানুয়ারি ২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় প্রাণিবিদ্যা বিভাগে ভর্তিচ্ছুক প্রার্থীদের পরীক্ষা গ্রহণ করা হবে। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমাদান সাপেক্ষে ভর্তি কার্যক্রম সম্পন্ন হবে।

ডিম্বীর নাম : M.Sc. in Zoology (Thesis and Non –thesis)  
ডিম্বীর সময়কাল : Thesis group-1 Year, Non-thesis group-1 Year

**ভর্তির যোগ্যতা:**

- প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বা অন্য যে কোন সরকারি/বেসরকারি অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে **Zoology** অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক(সম্মান) ডিম্বীধারী হতে হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক(সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৫০ থাকতে হবে এবং বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক(সম্মান) পর্যায়ে সিজিপিএ ৩.০০ থাকতে হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় এবং বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

**আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

- শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট এবং স্যাটিফিকেট এর সত্যায়িত কপি।
- সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।
- সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- চাকুরীরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্রাসে যোগদান ও শিক্ষাকার্যক্রম যথারীতি সম্পাদানের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২(বারো) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত পরিবর্তন/পরিবর্ধন করার এখতিয়ার সংরক্ষিত থাকবে।

*Sharif*  
23-12-2024

ড. আ.শ.ম. শরিফুর রহমান  
সভাপতি, এম.এসসি ভর্তি কমিটি, শিক্ষাবর্ষ ২০২২-২০২৩

ও  
চেয়ারম্যান  
প্রাণিবিদ্যা বিভাগ  
নোয়াখালীবিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
নোয়াখালী-৩৮১৪ বাংলাদেশ।

**অনুলিপি:**

- ডিন, বিজ্ঞান অনুষদ, নোবিপ্রবি।
- রেজিস্ট্রার, নোবিপ্রবি।
- হিসাব পরিচালক(ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
- পরিচালক(ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি। (প্রকাশ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি। (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- অফিস নথি।